



## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে জগন্নাথ বিশ্ববিদ্যালয় তৃতীয়

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক মূল্যায়নে দেশের ৪৬টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২০২১-২২ অর্থ বছরে তৃতীয় স্থান অর্জন করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। সরকারের মন্ত্রী পরিষদ বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক নির্ধারিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সর্বমোট স্কোর ১০০ এর মধ্যে ৯৩.৭৫ লাভ করে পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে তৃতীয় স্থান অধিকার করেছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এই অর্জনে উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে শীর্ষ স্থানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান নিশ্চিত করার জন্য সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতা কামনা করেন।

বিগত অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবস্থান ছিল নবম। উল্লেখ্য, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত মূল কমিটির আহ্বায়ক হচ্চেন উপাচার্য অধ্যাপক ড. মো. ইমদাদুল হক এবং সদস্য-সচিব হচ্চেন রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান। এছাড়াও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের জন্য শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন, অভিযোগ ও প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এবং তথ্য অধিকার বিষয়ক পৃথক ছয়টি ফোকাল পয়েন্ট রয়েছে।

উল্লেখ্য একটি প্রতিষ্ঠানে বা সংস্থায় সেবা প্রদানে গতিশীলতা আনয়ন, দক্ষতা বৃদ্ধি এবং দায়বদ্ধতা ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে সরকার ২০১৪-১৫ সাল থেকে দেশে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চালু করে। এর মাধ্যমে প্রতিষ্ঠানের সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণে প্রাতিষ্ঠানিক সমতার উন্নয়ন, সকল স্তরের কর্মকাণ্ডে স্বচ্ছতা নিরূপণ এবং সরকার ঘোষিত টেকসই উন্নয়ন ল্যামাত্রা-২০৩০ ও রূপকল্প ২০৪১ বাস্তবায়ন অনেকটা সহজ হয়। ২০১৫-১৬ অর্থবছর থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে ইউজিসি'র এপিএ স্বাক্ষর হয়। এরই ধারাবাহিকতায় ২০১৬-১৭ অর্থবছর থেকে ইউজিসি তার আওতাধীন সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই চুক্তি স্বাক্ষর করে সে মোতাবেক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে।



### Result of APA 2021-2022

Sl	List of University	Score	Position
13	Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University	99.47	1
1	University of Dhaka	94.48	2
23	Jagannath University	93.75	3
11	Bangladesh Open University	90.49	4
31	Bangladesh University of Professionals	89.22	5
43	Khulna Agricultural University	88.95	6
5	University of Chittagong	87.68	7
21	Dhaka University of Engineering & Technology	85.20	8
28	Jessore University of Science & Technology	85.02	9
38	Chittagong Medical University	85.02	10
10	National University	82.96	11
15	Mawlana Bhashani Science & Technology University	79.08	12
9	Khulna University	78.28	13
16	Patuakhali Science And Technology University	76.96	14
36	Bangabandhu Sheikh Mujibur Rahman Maritime University, Bangladesh	76.85	15
17	Sher-e-Bangla Agricultural University	76.45	16
19	Rajshahi University of Engineering & Technology	75.57	17
35	Rangamati Science and Technology University	74.75	18
26	Chittagong Veterinary and Animal Sciences University	74.58	19
34	University of Barishal	74.00	20
42	Sheikh Hasina University	72.25	21
45	Sylhet Medical University	71.92	22
24	Comilla University	69.94	23
20	Khulna University of Engineering & Technology	68.66	24
4	Bangladesh University of Engineering & Technology	68.61	25
18	Chittagong University of Engineering & Technology	68.21	26
14	Hajee Mohammad Danesh Science & Technology University	67.95	27
41	Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University, Bangladesh	65.52	28
25	Jatiya Kabi Kazi Nazrul Islam University	59.03	29
40	Rabindra University, Bangladesh	58.56	30
33	Bangladesh University of Textiles	58.34	31
30	Begum Rokeya University, Rangpur	57.17	32
27	Sylhet Agricultural University	52.13	33
6	Jahangirnagar University	51.64	34
22	Noakhali Science & Technology University	51.42	35
8	Shahjalal University of Science & Technology	47.06	36
12	Bangabandhu Sheikh Mujib Medical University	44.71	37
46	Bangabandhu Sheikh Mujibur Rahman Aviation And Aerospace University	38.89	38
44	Bangamata Sheikh Fojilatunnesa Mujib Science and Technology University	37.40	39
37	Islamic Arabic University	34.00	40
29	Pabna University of Science and Technology	23.81	41
39	Rajshahi Medical University	21.00	42
32	Bangabandhu Sheikh Mujibur Rahman Science & Technology University	20.32	43
2	University of Rajshahi	19.90	44
7	Islamic University, Bangladesh	14.39	45
3	Bangladesh Agricultural University	11.47	46